

দৈনিক ইত্তেফাক

প্রতিদিন অঞ্চল হেডলাইন সামগ্রিক বিষয়

৮ বিষয়ে ফ্রি প্রশিক্ষণ দেবে সরকার

⌚ ১২ এপ্রিল, ২০১৭ ইঁ ০০:০০ মি:



সম্প্রতি অর্থ মন্ত্রণালয়ের অধীনে ক্লিস ফর এমপ্লায়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম বা সেপের আওতায় আটটি বিষয়ে বিনামূল্যে প্রশিক্ষণ দেওয়া হবে বলে জানিয়েছে অর্থ মন্ত্রণালয়। ইনসিটিউট অব অ্যাপারেল রিসার্চ অ্যান্ড টেকনোলজি বা আইএআরটি দেবে এই প্রশিক্ষণ। ইতোমধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমাদান প্রক্রিয়া শুরু হয়েছে, চলবে ২০ এপ্রিল পর্যন্ত। বিস্তারিত লিখেছেন এম হোসাইন

প্রশিক্ষণের বিষয়সমূহ

অ্যাপারেল মার্চেন্টডাইজিং, সোশ্যাল কমপ্লায়েন্স, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড লিয়েন ম্যানুফ্যাকচারিং, প্রোডাকশন প্ল্যানিং অ্যান্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট, ফায়ার সেফটি ম্যানেজমেন্ট, টেক্সটাইল টেস্টিং অ্যান্ড ল্যাব ম্যানেজমেন্ট, মার্কেট অ্যানালাইসিস অ্যান্ড এক্সপোর্ট প্রমোশন ও কমার্শিয়াল অ্যাক্টিভিটিজ।

যে যোগ্যতা দরকার

আবেদনকারীকে দেশের যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা কলেজ থেকে বিএসসি ইঞ্জিনিয়ারিং বা স্নাতক অথবা ডিগ্রি পাস হতে হবে। তবে কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা করলেও আবেদন করা যাবে। আবেদন করতে হবে বিকেএমই-এর নির্ধারিত ফরমে।

প্রশিক্ষণ মেয়াদ ও স্থান

অ্যাপারেল মার্চেন্টডাইজিং কোর্স :এ কোর্সের মেয়াদ ছয় মাস। ঢাকা ও নারায়ণগঞ্জ শাখায় দেওয়া হবে এ প্রশিক্ষণ।

সোশ্যাল কমপ্লায়েন্স :এর মেয়াদ ছয় মাস। চট্টগ্রাম কেন্দ্রে দেওয়া হবে এ প্রশিক্ষণ।

ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড লিয়েন ম্যানুফ্যাকচারিং :এ কোর্সের মেয়াদ চার মাস। নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম কেন্দ্রে দেওয়া হবে এ প্রশিক্ষণ।

প্রোডাকশন প্ল্যানিং অ্যান্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট :এর মেয়াদ তিন মাস। ঢাকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম থেকে নেওয়া যাবে এ প্রশিক্ষণ।

ফায়ার সেফটি ম্যানেজমেন্ট :এ কোর্সের মেয়াদ দুই মাস। ঢাকা ও নারায়ণগঞ্জ কেন্দ্রে দেওয়া হবে এ প্রশিক্ষণ।

টেক্সটাইল টেস্টিং অ্যান্ড ল্যাব ম্যানেজমেন্ট :এ কোর্সের মেয়াদও দুই মাস। কোর্সটি করা যাবে নারায়ণগঞ্জ কেন্দ্রে।

মার্কেট অ্যানালাইসিস অ্যান্ড এক্সপোর্ট প্রমোশন :কোর্সটির মেয়াদ দেড় মাস। যাবে ঢাকা ও নারায়ণগঞ্জ কেন্দ্রে।

কমার্শিয়াল অ্যাস্ট্রিভিটিস :এক মাস মেয়াদি এ কোর্সটিও করা যাবে ঢাকা ও নারায়ণগঞ্জ কেন্দ্রে।

সুযোগ-সুবিধা ও ভাতা

কোর্স শেষে বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করে চাকরির ব্যবস্থা করবে প্রশিক্ষণ প্রতিষ্ঠান। এ ছাড়াও সফলভাবে কোর্স শেষ করলে পাওয়া যাবে পাঁচ হাজার টাকা ভাতা।

আবেদন বিস্তারিত

আবেদন ফরম পাওয়া যাবে বিকেএমইর ঢাকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম অফিসের এসব ঠিকানায়—

ঢাকা :প্ল্যানার্স টাওয়ার, ১৮ তলা, ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা। মোবাইল :০১৯১৪৩৯০৩১৫।

চট্টগ্রাম :বিকেএমইএ, চেম্বার ভবন, ৩৮ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম। ফোন :০৩১-২৫১৪৩৪২, ২৫১৪৩৪৫।

নারায়ণগঞ্জ :নারায়ণগঞ্জ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ভবন, দ্বিতীয় তলা, লিংক রোড, চানমারী, নারায়ণগঞ্জ। মোবাইল : ০১৯১৪৩৯০৩১৩।

এ ছাড়াও আবেদন ফরম ও বিস্তারিত জানা যাবে www.bkmea.com-এই ওয়েবসাইটে।

ভারপ্রাণ সম্পাদক: তাসমিমা হোসেন।

ইতেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত